যুগান্তর

তারিখ 18 OCT 2015
পৃষ্ঠা 2 কলাম 6

# শহীদুল হাসান ইস্ট ওয়েস্ট ভার্সিটির নতুন ভিসি

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসেবে অধ্যাপক ড. এমএম শহীদুল হাসানকে চার বছরের জন্য নিয়োগ দিয়েছেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি আবদুল হামিদ। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন রাজধানীর আফতাবনগরের নিজস্ব ক্যাম্পাসে নতুন ভিসিকে স্বাগত জানান। তিনি ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের চতুর্থতম ভিসি হিসেবে দায়িত্ব পালন করবেন। এর আগে ড. হাসান বুয়েটের ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক পদে কর্মরত ছিলেন। তিনি বুয়েট থেকে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে বিএসসি ও এমএসসি সমাপ্ত করেন। ১৯৮৮ সালে ড. হাসান আমেরিকার ক্লার্কসন বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি একাডেমিক ও গবেষণা কাজের স্বীকৃতিস্বরূপ দেশে-বিদেশে খ্যাতিমান বিভিন্ন প্রতিষ্ঠান থেকে পুরস্কৃত হয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি।